ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY

মুজিব শতবর্ষ MUJIB 100

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০১.০০৯.২৪.৪২২

তারিখ: ২২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য **মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদি চুক্তিভিত্তিক)** এর শূন্যপদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দা/নাগরিকগণ ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার প্রকৃত নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা থাকা সাপেক্ষে অনলাইনে **http://pbsbho.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন/ভাতা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদি চুক্তিভিত্তিক) *** শুধুমাত্র পুরুষ প্রার্থীদের জন্য সংরক্ষিত।** | **৪০ টি (কম/বেশি হতে পারে)** | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন **১৪,৭০০/-** টাকা। এছাড়া অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | **সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ২৫ বছর।** | ক) **প্রার্থীকে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে চারটি মৌলিক গাণিতিক প্রক্রিয়া যেমন যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করার দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঙ) প্রার্থীর হাতের লেখা অবশ্যই সুন্দর হতে হবে।<br>চ) গ্রাহকগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>ছ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>জ) গ্রাম-গঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে মিটার রিডিং গ্রহণ ও বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে এবং পবিসের লক্ষ্য ও কর্মসূচি সম্পর্কে গ্রাহকদেরকে অবহিত করতে হবে।<br>ঝ) নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০ (দশ হাজার) টাকা জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। | **ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার বাসিন্দা/নাগরিকগণ** এবং বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ, পটুয়াখালী জেলার দশমিনা, গলাচিপা ও রাঙ্গাবালী এবং লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার স্থায়ী নাগরিক/বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই। |

**নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। **প্রার্থীর বয়স: ০৭-০২-২০২৪** খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স কম/বেশি হলে আবেদন গ্রহণযোগ্য হবে না। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/ সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত এবং বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় বিভাগীয় ছাড়পত্র দাখিল করতে হবে।

০৩। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**
মৌখিক পরীক্ষার সময় Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্রের সাথে আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য নিম্নোক্ত কাগজাদির সত্যায়িত (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপিসহ মূল কপি প্রদর্শন করতে হবে।
(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)।
(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ।
(চ) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে বিভাগীয় ছাড়পত্র/এনওসি।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে www.pbs.bhola.gov.bd এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের **http://pbsbho.teletalk.com.bd** লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **sms** এর মাধ্যমে জানানো হবে।

০৫। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূলকপি দাখিল করতে হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলি অসম্পূর্ণ/অসত্য/অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যেকোনো সময় বিষয়টি ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরি হতে বিনা নোটিশে বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধিবিধান প্রযোজ্য হবে।

০৯। নিয়োগকালে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার পদের প্রাপ্যতার ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। এই ০১ (এক) বছরের চুক্তির মেয়াদান্তে প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে এবং লোকবল প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম ০১/০২ (এক/ দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এ পরবর্তী চুক্তি সম্পাদিত হতে পারে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের লোকবল প্রয়োজন না হলে তখন প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক সম্পাদিত চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কোনোভাবেই এ চাকুরি স্থায়ী করা হবে না।

১১। অত্র পবিসের কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

১২। চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) এর চাকুরি শুধু চুক্তির মেয়াদকালের জন্যই বলবৎ থাকবে যা কোনক্রমেই স্থায়ী করা হবে না।

১৩। **দুই বা তার অধিক সহোদরের যেকোনো একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।**

১৪। ইতঃপূর্বে অন্য কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্তকৃত/চাকুরিচ্যুত/স্বেচ্ছায় পদত্যাগকারী/শৃঙ্খলাবিরোধী কাজে জড়িত ছিলেন/দেশের কোনো ফৌজদারি আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অথবা অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোনো বিরূপ তথ্য পাওয়া গেলে তা অবগত করত কোনো প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৭। চূড়ান্তভাবে নিবার্চিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোনো সনদের মূলকপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদ গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে চাকুরিতে যোগদান করতে দেয়া হবে না।

১৮। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় সমিতির অনুকূলে **১০,০০০ (দশ হাজার টাকা)** নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে- যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

১৯। বর্ণিত শর্তাবলি ছাড়া অন্য কোনো বিষয়ে জটিলতা সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২০। সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি চুক্তি বর্ষে ০২ (দুই) টি উৎসব বোনাস প্রাপ্য হবেন।

২১। **চাকুরির জন্য যেকোনো ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরি লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।**

২২। **<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:</u>**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://pbsbho.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online - এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: **০৭-০২-২০২৪ খ্রিঃ** সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online - এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **২৫-০২-২০২৪ খ্রিঃ** বিকাল ০৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (অনধিক ০৩ মাস) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel ) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ-সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ-সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online - এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online - এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র Application Form যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি **SMS** করে **পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো টাকা) সহ মোট ১১২ টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS:</u> PBSBHO<Space>User Id লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSBHO ABCDEF & send to 16222

<u>দ্বিতীয় SMS:</u> PBSBHO<Space> YES< Space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSBHO YES 12345678 & send to 16222

(চ) পরীক্ষার সময়সূচি ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে SMS এবং http://pbsbho.teletalk.com.bd এ নোটিশের মাধ্যমে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User Id জানা থাকলে:
PBSBHO<Space>HELP<Space> User Id লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSBHO HELP ABCDEF & send to 16222
PIN Number জানা থাকলে:
PBSBHO<Space>HELP<Space> PIN Number লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSBHO HELP 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট www.pbs.bhola.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টার alljobs.query@teletalk.com.bd/pbsbho ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য উক্ত ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online -এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং bhopbs@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(ট) প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৩। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**[বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।]**

(মোঃ খালেদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (দ:অ:)/পবিস মানবসম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি, বাপবিবো, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)**
০৪। জেলা প্রশাসক, ভোলা।
০৫। পুলিশ সুপার, ভোলা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবোর্ড, ভোলা।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, ভোলা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..........................পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম চরফ্যাশন/লালমোহন/পরাণগঞ্জ জোনাল অফিস/(সদর-কারিগরি), ভোলা পবিস।
১০। এজিএম (এমএস/ওএন্ডএম/অর্থ), ভোলা পবিস।
১১। এজিএম (ওএন্ডএম), দঃআইচা/তজুমদ্দিন/বোরহানউদ্দিন সাব-জোনাল অফিস, ভোলা পবিস।
১২। এজিএম (আইটি), ভোলা পবিস **(ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট www.pbs.bhola.gov.bd ভোলা পবিস।
১৪। অফিস/মাস্টার কপি।

(মোঃ খালেদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)